

PRINT

সমকাল

জাল সনদে আট বছর

সেই কলেজ শিক্ষকের বিরুদ্ধে মামলার নির্দেশ

১২ ঘণ্টা আগে

যশোর অফিস



যশোরের চৌগাছা সরকারি ডিগ্রি কলেজের ব্যবস্থাপনা বিভাগের আলোচিত সেই প্রভাষক তরিকুল ইসলামের বিরুদ্ধে মামলার নির্দেশ দিয়েছে বেসরকারি শিক্ষক নিবন্ধন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)। তার বিরুদ্ধে শিক্ষক নিবন্ধনের ভুয়া সনদ নিয়ে টানা আট বছর চাকরিতে থেকে সরকারি বেতন-ভাতা উত্তোলনের অভিযোগ প্রমাণিত হওয়ায় সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষকে এ নির্দেশ দেওয়া হয়েছে।

৬ অক্টোবর এনটিআরসিএর সহকারী পরিচালক (পমূপ্র-৩) তাজুল ইসলাম স্বাক্ষরিত এ-সংক্রান্ত নির্দেশনা সংবলিত

পত্রটি কয়েকদিন আগে সংস্থাটির ওয়েবসাইটে দেওয়া হয়েছে। যার অনুলিপি পাঠানো হয়েছে চৌগাছা সরকারি ডিগ্রি কলেজ ও স্থানীয় থানায়। ওই পত্রে প্রভাষক তরিকুল ইসলামের বিরুদ্ধে মামলা শেষে বিষয়টি কর্তৃপক্ষকে অবহিত করতে অধ্যক্ষকে অনুরোধ করা হয়েছে।

চৌগাছা সরকারি কলেজের অধ্যক্ষ রফিকুল ইসলাম কবির এনটিআরসিএর চিঠি পাওয়ার বিষয়ে জানান, আইনজীবী নিযুক্ত করাসহ এ ব্যাপারে অন্যান্য প্রক্রিয়া সম্পন্ন করা হচ্ছে। দু-একদিনের মধ্যেই থানায় এজাহার জমা দেওয়া হবে।

এদিকে মামলার বিষয়টি জানার পর থেকে কর্মস্থলে আসছেন না অভিযুক্ত তরিকুল। তবে তিনি ছুটির আবেদন জমা দিয়েছেন বলে অধ্যক্ষ জানান।

তরিকুল ২০০৯ সালে অনুষ্ঠিত পঞ্চম শিক্ষক নিবন্ধন পরীক্ষায় উত্তীর্ণ দেখিয়ে ২০১১ সালে চৌগাছা সরকারি ডিগ্রি কলেজের কারিগরি শাখার ব্যবস্থাপনা বিভাগের প্রভাষক ও বিভাগীয় প্রধান হিসেবে নিয়োগ পান। ওই বছরই তিনি এমপিওভুক্ত হন। শিক্ষক নিবন্ধন পরীক্ষায় তার রোল ছিল ৪২৩১২৬০০ এবং রেজিস্ট্রেশন নং ৯০০৩১১। সম্প্রতি এনটিআরসিএ তার সনদ যাচাই করে দেখে সনদটি জাল। তিনি ওই পরীক্ষায় উত্তীর্ণ হতে পারেননি।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com